গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা।
www.gaibandhasadar.gaibandha.gov.bd

নং-০৫.৫৫.৩২২৪.০০১.০৫.০০২.১৭. ৩৯৪

তারিখ: ১৯ চৈত্র ১৪২৯
০২ এপ্রিল ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গেজেটের ৬ মে, ২০১৫ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ/০৪ মে ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস আর ও নং-৮৯ আইন/২০১৫ এবং বাংলাদেশ গেজেটের ১৩ জুলাই, ২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন এস আর ও নং ২২৭-আইন/২০১৬ এর আদেশবলে গাইবান্ধা সদর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডসমূহে শূণ্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১ (এক) জন মহল্লাদার নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার বরাবরে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | শূণ্য ওয়ার্ডসমূহ | শূণ্য পদের সংখ্যা | মাসিক বেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | ১নং লক্ষ্মীপুর ইউনিয়ন পরিষদ | ২,৩, ৬, ৮ ও ৯ | ০৫ জন | সাকুল্য বেতন-৬,৫০০.০০ (সরকারি অংশ-৩,২৫০.০০ ইউপি অংশ-৩,২৫০.০০) | প্রার্থীকে অবশ্যই জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ হতে হবে। |
| ০২ | ২নং মালিবাড়ী ইউনিয়ন পরিষদ | ১ ও ২ | ০২ জন | | |
| ০৩ | ৩নং কুপতলা ইউনিয়ন পরিষদ | ১ ও ৭ | ০২ জন | | |
| ০৪ | ৪নং সাহাপাড়া ইউনিয়ন পরিষদ | ১ ও ৯ | ০২ জন | | |
| ০৫ | ৫নং বল্লমঝাড় ইউনিয়ন পরিষদ | ১ ও ৩ | ০২ জন | | |
| ০৬ | ৬নং রামচন্দ্রপুর ইউনিয়ন পরিষদ | ৩, ৫, ৭ ও ৯ | ০৪ জন | | |
| ০৭ | ৭নং বাদিয়াখালী ইউনিয়ন পরিষদ | ৩ ও ৬ | ০২ জন | | |
| ০৮ | ৯নং খোলাহাটী ইউনিয়ন পরিষদ | ৩ ও ৭ | ০২ জন | | |
| ০৯ | ১১নং গিদারী ইউনিয়ন পরিষদ | ২, ৫ ও ৯ | ০৩ জন | | |
| ১০ | ১২নং কামারজানী ইউনিয়ন পরিষদ | ১ ও ৫ | ০২ জন | | |
| ১১ | ১৩নং মোল্লারচর ইউনিয়ন পরিষদ | ২, ৫ ও ৬ | ০৩ জন | | |

## -:নিয়োগের শর্তাবলী:-

০১। প্রার্থীকে বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়স ০৩ মে, ২০২৩ তারিখে অবশ্যই ১৮-৩০ বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২.০৯.২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ নং স্মারক মোতাবেক ২৫.০৩.২০২০ তারিখে যাদের বয়স ৩০ (ত্রিশ) বছর পূর্ণ হয়েছে তারাও আবেদন করতে পারবে। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বীর মুক্তিযোদ্ধার সন্তানের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

০৩। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (বাংলা ও ইংরেজিতে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ও বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (জন্ম নিবন্ধন নম্বর, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের বয়স একই হতে হবে) (চ) বয়স (২৭ এপ্রিল, ২০২৩ তারিখে) (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) ও (ট) বিশেষ কোটার নাম উল্লেখ ও প্রমাণকসহ প্রার্থীকে স্বহস্তে লিখিত নির্ধারিত আবেদনপত্র আগামী ০৩ মে, ২০২৩ তারিখে বিকাল-৪.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ডাকযোগে /সরাসরি জমা দিতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে ১০ টাকার ডাকটিকেট লাগানো প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪.৫x১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম দিতে হবে।

০৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। প্রার্থীর শারীরিক যোগ্যতা :

(ক) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-(১) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (২) বুকের মাপ-৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) (৩) ওজন-সর্বনিম্ন-৫০ কেজি এবং প্রার্থীকে সুঠাম দেহের অধিকারী হতে হবে।

(ক) নারী প্রার্থীর ক্ষেত্রে- (১) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (২) বুকের মাপ-২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) (৩) ওজন-সর্বনিম্ন-৪৫ কেজি এবং প্রার্থীকে সুঠাম দেহের অধিকারী হতে হবে।

০৭। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে-

(ক) প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙীন ছবি (খ) নাগরিকত্বের সনদপত্র (গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (চ) আবেদনকারী কোন কোঠার আওতায় থাকলে তার প্রমাণ স্বরূপ (ছ) যেকোন তফশিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা-এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার। উল্লিখিত কাগজপত্র ও ছবি সত্যায়নের ক্ষেত্রে ১ম শ্রেণির কর্মকর্তার নামযুক্ত সিল ব্যবহার করতে হবে।

০৮। কোটার ক্ষেত্রে সরকার নির্ধারিত নীতিমালা অনুসরণ করা হবে।

০৯। মাসিক বেতন ৬,৫০০/- টাকা (নির্ধারিত) ও বছরে ০২ (দুই)টি মাসিক বেতনের সমপরিমান উৎসব ভাতা প্রদান করা হবে। পরবর্তীতে সরকারী যেকোন সিদ্ধান্তে কোন পরিবর্তন হলে সেই মোতাবেক বেতন ভাতাদি প্রাপ্য হবে।

১০। মৃত/অবসরপ্রাপ্ত গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার)-এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১১। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১৩। নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যেকোন সংশোধন/পরিবর্তন/নিয়োগ স্থগিত ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২/৪/২৩

(মো: শরীফুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
গাইবান্ধা সদর, গাইবান্ধা।
☎-০১৭৬২-৬৯৫০৭১
✉: gaibandhasadaruno@gmail.com

নং-০৫.৫৫.৩২২৪.০০১.০৫.০০২.১৭.৩৯৪

তারিখ: ১৯ চৈত্র ১৪২৯ / ০২ এপ্রিল ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০২। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
০৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
০৫। অফিসার ইনচার্জ, গাইবান্ধা সদর থানা, গাইবান্ধা।
০৬। সহকারী প্রোগ্রামার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
০৭। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
০৮। চেয়ারম্যান/সচিব,লক্ষ্মীপুর/মালিবাড়ী/কুপতলা/সাহাপাড়া/বল্লমঝাড়/রামচন্দ্রপুর/বাদিয়াখালী/খোলাহাটী/গিদারী/কামারজানী/মোল্লারচর ইউপি, গাইবান্ধা সদর, গাইবান্ধা। (তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
০৯। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ..............................................................................................
(তাকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ১০"×৪" বাসার্ধ সাইজে ০১ (এক) দিনের জন্য প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০। জনাব ..............................................................................................
১১। নোটিশ বোর্ড/অফিস কপি।

২/৪/২৩

উপজেলা নির্বাহী অফিসার
গাইবান্ধা সদর, গাইবান্ধা।